আলমডাঙ্গার হাপাঁনিয়ায় বসতবাড়িতে অগ্নিকান্ড, ৮টি বাড়ি পুড়ে ছাই

আলমডাঙ্গার হাঁপানিয়া গ্রামে আগুন লেগে ৮টি বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। সর্বস্বান্ত হয়ে পড়েছে দরিদ্র পরিবার গুলো।

আজ শুক্রবার বেলা ১২টায় দিকে হাঁপানিয়া গ্রামের হুদাপাড়ায় এ ঘটনা ঘটে। আগুনে আসবাবপত্রসহ রান্না করার সরঞ্জামও পুড়ে গেছে বলে প্রত্যক্ষদর্শিরা জানান।

প্রত্যক্ষদর্শি সুত্রে জানাগেছে,আলমডাঙ্গা উপজেলার হাঁপানিয়া গ্রামের হুদাপাড়ার হযরতের বাড়িতে সর্ট শার্কিট থেকে আগুন ধরে যায়। আগুনের ললিহান শিক্ষা মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়ে পাশের বাড়িগুলোতে। এ সময় আগুনে পুড়ে ছাই হয়ে যায় ৮টি পরিবারের সর্বস্ব। ক্ষতিগ্রস্ত পরিরাব সাইফুল ইসলাম, প্রবাসে অবস্থানরত শাহীন, হযরত, মিজানুর রহমান, নাজমুল হুদা, সাইফুল ইসলাম , মেহের আলী, হাসানুজ্জামান।
গরীব এই আটটি পরিবারের বাড়িঘর পুড়ে ছাই হয়ে গেছে। নেই রান্নার সরঞ্জামাদিও।

চিৎলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাসানুজ্জামান সরোয়ার জানান, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লেগে ওই ৮টি বাড়ি পুড়ে যায়। উপজেলা প্রশাসনের নির্দেশনা পেয়ে ঘটনাস্থলে গিয়েছি। এতে আটটি বাড়ি পুড়ে গেছে। ক্ষতিগ্রস্তরা অত্যন্ত গরিব। পরনের পোশাক ছাড়া আর নেই তাদের। এমনকি তারা দুপুরে রান্নাবান্না করে খাবে সেই পরিস্থিতিও নেই। আজকের মধ্যেই তাদেরকে সহযোগিতা করা হবে।

ক্ষতিগ্রস্তরা বলেন, আগুনের লেলিহান শিখা মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়ে ৮টি বাড়ি পুড়ে গেছে। আমাদের কিছুই আর নেই। কেউ চাল-ডাল দিলেও রান্না করার সরঞ্জাম টুকুও নেই।

প্রবাসী শাহীনের স্ত্রী বলেন, আমার নগদ টাকাসহ সব কিছুই পুড়ে শেষ হয়ে গেছে। চোখের সামনে মুহূর্তেই আমাদের সব শেষ হয়ে গেল। এখন আমরা কোথায় থাকবো।
সাবেক ইউপি সদস্য ইনতাজুল হক বলেন, ৮টি বাড়ির কোনো অস্তিত্ব

নেই। নগদ টাকাসহ আসবাবপত্র সব পুড়ে গেছে। এক বেলার খাবারও নেই তাদের।